

সোলার হোম সিস্টেম কর্মসূচি



Financier with a vision

অর্জনঃ

২৮ লক্ষ
সোলার হোম সিস্টেম স্থাপন

১২৫ মেগাওয়াট
বিদ্যুৎ উৎপাদন

মোট সুবিধাভোগী ১ কোটি ২৫ লক্ষ
মানুষ যা মোট জনসংখ্যার ৮.১৯%

বাৎসরিক ৪.৭৩ লক্ষ টন
কার্বন-ডাই-অক্সাইড নির্গমন হ্রাস

২ লক্ষ ৫৫ হাজার টন কেরোসিন
আমদানী হ্রাস যার বাজার মূল্য
১৫ কোটি ইউ এস ডলার



বাস্তবায়ন পদ্ধতি

বর্তমানে ৪৭ টি সহযোগী সংস্থার (এনজিও/বেসরকারী প্রতিষ্ঠান) মাধ্যমে ইউকলের সৌরবিদ্যুৎ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। ইউকল তার সহযোগী সংস্থাসমূহকে সিস্টেম স্থাপনের জন্য অনুদান ও ঋণ সহায়তা প্রদান করে। এছাড়া, তাদেরকে কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অন্যান্য কারিগরি সহায়তা প্রদান করে থাকে। সহযোগী সংস্থাসমূহ প্রকল্প এলাকা ও গ্রাহক নির্বাচন করে, সোলার হোম সিস্টেম স্থাপন করে, গ্রাহকদের ঋণ সহায়তা প্রদান করে এবং স্থাপন পরবর্তী সেবাও নিশ্চিত করে। গ্রাহকরা নগদে বা কিস্তিতে সোলার হোম সিস্টেম কিনতে পারে।

ইউকল সহযোগী সংস্থাসমূহকে ২০১৪ সালের জানুয়ারি পর্যন্ত সর্বমোট ৩,৩০০ কোটি টাকা ঋণ এবং ৪৮০ কোটি টাকা অনুদান প্রদান করেছে। ইউকল প্রদত্ত ঋণের সুদের হার বার্ষিক ৬%-৯% এবং ঋণের মেয়াদ ৬-৮ বৎসর। অন্যদিকে সহযোগী সংস্থাসমূহ ১-৩ বৎসর মেয়াদে বার্ষিক ১২%-১৫% সুদে মাসিক কিস্তিতে গ্রাহকের নিকট সোলার হোম সিস্টেম বিক্রি করে।



বাংলাদেশের মোট জনসংখ্যার মাত্র ৫০% বিদ্যুৎ সুবিধা পাচ্ছে এবং বাকি ৫০% বিদ্যুৎ সুবিধা বঞ্চিত। জনপ্রতি বিদ্যুতের ব্যবহার মাত্র ২৩৬ কিলোওয়াট / ঘন্টা যা পৃথিবীর অন্যান্য দেশগুলোর তুলনায় নিম্নতমদের একটি। দেশের প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর লক্ষ্যে এবং ২০২০ সালে সবার জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করণের সরকারী অঙ্গীকার বাস্তবায়নে সহায়তা প্রদানের উদ্দেশ্যে ইডকল ২০০৩ সালে সোলার হোম সিস্টেম কর্মসূচি গ্রহণ করে। ইডকলের এই কর্মসূচিটি বিশ্বের অনুরূপ কর্মসূচিগুলোর মধ্যে বৃহত্তম। ইডকলের সৌরবিদ্যুৎ কর্মসূচি গ্রামীণ অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন নিয়ে এসেছে। এখন গ্রামীণ জনগণ আয়বর্ধক কর্মসূচিতে এ সিস্টেম ব্যবহার করছে। ক্ষুদ্র ব্যবসায়ী, তাঁতী, দর্জি, নাপিত এবং কুটির-শিল্পীরা তাদের কর্মসময় বৃদ্ধির মাধ্যমে এর সুফল ভোগ করছে। ছাত্র-ছাত্রীরা অধিক রাত পর্যন্ত লেখাপড়া করার সুযোগ পাচ্ছে। অধিকন্তু, রেডিও ও টেলিভিশন ব্যবহারের মাধ্যমে বহির্বিশ্বের সাথে গ্রামের জনগণের যোগাযোগ স্থাপিত হয়েছে। ইডকলের সৌরবিদ্যুৎ কর্মসূচির অধীনে এ পর্যন্ত ২০ হাজার দক্ষ এবং প্রায় ৫০ হাজার অদক্ষ লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে।

